

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫৫৫

২৬/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/১. রাসূলুল্লাহ ্ৠু ্র এর পোশাক

بَابِ لِبَاسِ رَسُولِ اللهِ عَلَيْنِ

### আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي حَازِمٍ، عَنْ أَبِيهِ، عَنْ سَهْلِ بْنِ سَعْدِ السَّاعِدِيِّ، أَنَّ امْرَأَةً، جَاءَتْ إِلَى رَسُولِ اللَّهِ عصلى الله عليه وسلم - بِبُرْدَةٍ \_ قَالَ وَمَا الْبُرْدَةُ قَالَ الشَّمْلَةُ \_ قَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنِي نَسَجْتُ هَذِهِ بِيَدِي لأَكْسُوكَهَا . فَأَخَذَهَا رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - مُحْتَاجًا إِلَيْهَا فَخَرَجَ عَلَيْنَا فِيهَا وَإِنَّهَا لإِزَارُهُ فَجَاءَ فُلاَنُ بْنُ فُلاَنٍ \_ رَجُلٌ سَمَّاهُ يَوْمَئِذ \_ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَا أَحْسَنَ هَذِهِ الْبُرْدَةَ اكْسُنِيهَا فَلْانُ بْنُ فُلاَنٍ \_ رَجُلٌ سَمَّاهُ يَوْمَئِذ \_ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَا أَحْسَنَ هَذِهِ الْبُرْدَةَ اكْسُنِيهَا فَلَانَ بْنُ فُلاَنْ بْنُ فُلاَنٍ \_ رَجُلٌ سَمَّاهُ يَوْمَئِذ \_ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَا أَحْسَنَ هَذِهِ الْبُرْدَةَ اكْسُنِيهَا فَكَنْ بْنُ فُلاَنُ بْنُ فُلاَنٍ \_ رَجُلٌ سَمَّاهُ يَوْمَئِذ \_ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَا أَحْسَنَ هَذِهِ الْبُرْدَةَ اكْسُنِيهَا فَلَا يَا اللهِ عَلْ عَمْ الله عليه وسلم - مُحْتَاجًا إِلَيْهَا ثُمَّ سَأَلْتُهُ إِيَّاهَا وَقَدْ عَلِمْتَ أَنَّهُ لاَ يَرُدُ سَائِلاً . فَقَالَ إِبِّي وَاللَّهِ مَا سَأَلْتُهُ إِيَّاهَا لأَلْبُسَهَا وَلَكِنْ سَأَلْتُهُ إِيَّاهَا لِتَكُونَ كَفَنِي . فَقَالَ سَائِلاً . فَقَالَ إِبِّي وَاللَّهِ مَا سَأَلْتُهُ إِيَّاهَا لأَلْبُسَهَا وَلَكِنْ سَأَلْتُهُ إِيَّاهَا لِتَكُونَ كَفَنِي . فَقَالَ سَعْلُ فَكَانَتْ كَفَنَهُ يَوْمَ مَاتَ .

#### বাংলা

৬/৩৫৫৫। সাহল ইবনে সাদ আস-সাইদী (রাঃ) থেকে বর্ণিত। এক মহিলা একখানা চাদরসহ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললো, ইয়া রাসূলাল্লাহ! আপনার পরার জন্য আমি নিজ হাতে এটা বুনেছি। চাদরের প্রয়োজন অনুভব করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তা গ্রহণ করলেন, অতঃপর সেটাকে লুঙ্গীর মত করে পরিধান করে আমাদের নিকট আসলেন। তখন অমুকের পুত্র অমুক এসে বললো, হে আল্লাহর রাসূল! চাদরটা কী চমৎকার। এটা আমাকে পরতে দিন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আচ্ছা। তিনি ভিতর বাড়িতে গিয়ে চাদরটা ভাঁজ করে তার নিকট পাঠিয়ে দিলেন। লোকজন তাকে বললো, আল্লাহর শপথ! কাজটা তুমি ভালো করোনি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রয়োজন অনুভব করেই তা পরেছিলেন। আর তুমি তাঁর নিকট থেকে সেটা চেয়ে নিলে! অথচ তুমি জানো যে, তিনি কোন প্রার্থীকেই বিমুখ করেন না। সে বললো, আল্লাহর শপথ! আমি এটা পরার জন্য তাঁর থেকে চেয়ে নেইনি, বরং আমার কাফন বানানোর জন্য চেয়ে নিয়েছি। সাহল (রাঃ) বলেন, লোকটা যেদিন মারা গেল সেদিন সেটিই তার কাফন হলো।



## **English**

It was narrated from Sahl bin Sa'd Sa'idi that a woman came to the Messenger of Allah (ﷺ) with a woven sheet – he said:

\* "What type of woven sheet?" He said: "A Shamlah." She said: "O Messenger of Allah, I have woven this with my own hands for you to wear." The Messenger of Allah () took it, since he needed it. He came out to us wearing it as a lower wrap. So-and-so the son of so-and-so." – a man whose name he told that day – said: "O Messenger of Allah, how beautiful this sheet is! Let me wear it." He said: "Yes." When he went inside he folded it up and sent it to him. The people said to him: "By Allah, you have not done well. The Prophet () wore it because he needed it, then you asked for it, and you knew that he would not refuse anyone who asked him for something." He said: "By Allah, I did not ask for it so that I could wear it, rather I asked for it so that it could be my shroud." Sahl said: "And it became his shroud the day he died."

## ফুটনোট

সহীহুল বুখারী ১২৭৭, ২০৯৩, ৫৮১০, ৬০৩৬, নাসায়ী ৫৩২১, আহমাদ ২২৩১৮, দারেমী ৭১। তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন